গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য অধিদপ্তর
প্রদান, ক্রয় এবং একত্রিকরণ শাখা
খাদ্য ভবন, ১৬ আব্দুল গণি রোড, ঢাকা-১০০০
www.dgfood.gov.bd

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৭২.২০.০১৩.২০.৬০৭

তারিখ: ২৪ ভাদ্র ১৪২৭
০৮ সেপ্টেম্বর ২০২০

বিষয়: **কোড নং - ৩২১১১০৯ সাকুল্য বেতন (খন্ডকালীন পরিচ্ছন্নতাকর্মী) খাতে অর্থ বরাদ্দ ।**

সূত্র: প্রশাসন বিভাগ, খাদ্য অধিদপ্তর ,ঢাকা এর ১৮/০২/২০১৮খ্রিঃ তারিখের ১৩৫/৫৭০(৫৭৬) ।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, সূত্রস্থ স্মারকে খাদ্য অধিদপ্তরাধীন বিভিন্ন স্থাপনায় সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে খন্ডকালীন পরিচ্ছন্নতাকর্মী নিয়োজিত করার জন্য কিছু শর্ত উল্লেখপূর্বক সংশ্লিষ্ট অফিসের আহরণ ও ব্যয়ন কর্মকর্তাগণকে প্রশাসনিক ক্ষমতা প্রদান করা হয়েছে। উক্ত শর্তাবলীর ৩নং ক্রমিকে উল্লেখ রয়েছে, "শ্রমিক মজুরি খাতে বাজেট বরাদ্দ/সংস্থানের বিষয়টি নিশ্চিত হয়ে দৈনিক ভিত্তিক খন্ডকালীন পরিচ্ছন্নতাকর্মী নিয়োজিত করতে হবে"। কিন্তু লক্ষ্য করা যাচ্ছে যে, কোন কোন স্থাপনায় বাজেট বরাদ্দ বিবেচনায় না এনে খন্ডকালীন পরিচ্ছন্নতাকর্মীদের মজুরী প্রদান করা হচ্ছে, ফলে অর্থ বছরের শেষদিকে বিভিন্ন দপ্তর হতে এ খাতে চাহিদা প্রদান করা হয় যা কিনা সূত্রস্থ স্মারকের পরিপন্থী।

এমতাবস্থায়, সূত্রস্থ স্মারকের মর্মানুযায়ী ১২ মাসের বাজেট বরাদ্দ বিবেচনায় এনে সেইভাবে খন্ডকালীন শ্রমিক মজুরী প্রদান করার জন্য বলা হলো এবং বাৎসরিক বরাদ্দের কোন অতিরিক্ত চাহিদা প্রদান না করার জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশ দেয়া হলো।

এতে মহাপরিচালক মহোদয়ের সদয় অনুমোদন রয়েছে।

৯-৯-২০২০
মোঃ মাহমুদ হাসান
পরিচালক

প্রাপক
১) প্রধান মিলার,
২) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, ঢাকা/ বরিশাল/ রাজশাহী/ চট্টগ্রাম/ খুলনা/সিলেট।
৩) সাইলো অধিক্ষক , সকল
৪) প্রধান নিয়ন্ত্রক, ঢাকা রেশনিং, ঢাকা।
৫) জেলা খাদ্য নিয়ন্ত্রক , (সকল)----------------
৬) চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক, চট্টগ্রাম/খুলনা।
৭) উপজেলা খাদ্য নিয়ন্ত্রক , সকল), --------
৮) স্থানীয় সংরক্ষণ ডিপো, এলএসডি)(সকল),--------

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৭২.২০.০১৩.২০.৬০৭/১(২)

তারিখ: ২৪ ভাদ্র ১৪২৭
০৮ সেপ্টেম্বর ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ঢাকা

২) সিস্টেম এনালিষ্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর, ঢাকা। বরাদ্দপত্রটি খাদ্য অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশ করার জন্য অনুরোধ জানানো হলো।

৯-৯-২০২০
মোঃ মাহমুদ হাসান
পরিচালক

“একই স্মারক ও তারিখে প্রতিস্থাপিত হবে”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য অধিদপ্তর
প্রশাসন বিভাগ
১৬, আব্দুল গণি রোড, ঢাকা।
www.dgfood.gov.bd

## আদেশ

খাদ্য অধিদপ্তরের আওতাধীন বিভিন্ন স্থাপনায় স্থায়ী পরিচ্ছন্নতা কর্মী পদের মঞ্জুরী না থাকায় বা পদের মঞ্জুরী অস্বাভাবিক কম হওয়ায় পরিষ্কার পরিচ্ছন্নতা বজায় রেখে সুপ্রভ পরিবেশ নিশ্চিত করা কঠিন হয়ে পড়ে। ফলে বিকল্প হিসেবে দৈনিক মজুরি ভিত্তিক খন্ডকালীন পরিচ্ছন্নতা কর্মী নিয়োজিত করার জন্য সময়ে সময়ে নিম্নোক্ত শর্তে সম্পূর্ণ অস্থায়ী ও দৈনিক মজুরি ভিত্তিতে খন্ডকালীন পরিচ্ছন্নতা কর্মী নিয়োজিত করার জন্য সংশ্লিষ্ট অফিসের আহরণ ও ব্যয়ন কর্মকর্তাগণকে প্রশাসনিক ক্ষমতা প্রদান করা হলোঃ

শর্তাবলীঃ

১। এলএসডি, সিএসডি, উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের দপ্তর, সাইলো এবং সরকারি আধুনিক ময়দা মিলে সম্পূর্ণ অস্থায়ী হিসাবে জরুরী প্রয়োজনে দৈনিক মজুরি ভিত্তিক খন্ডকালীন পরিচ্ছন্নতা কর্মী নিয়োজিত করা যাবে;

২। নিয়মিত পরিচ্ছন্নতা কর্মীর মঞ্জুরীকৃত পদ না থাকলে বা পদ শূন্য থাকলে বা মঞ্জুরীকৃত পদের তুলনায় পরিচ্ছন্নতা কর্মী কম থাকলে খন্ডকালীন পরিচ্ছন্নতা কর্মী দিয়ে পরিষ্কার পরিচ্ছন্নতার কাজ করানো যেতে পারে। কোন স্থাপনার বিপরীতে একাধিক খন্ডকালীন পরিচ্ছন্নতাকর্মী নিয়োজিত করার প্রয়োজন হলে খাদ্য অধিদপ্তরের অনুমোদন গ্রহণ করতে হবে;

৩। শ্রমিক মজুরী খাতে বাজেট বরাদ্দ/সংস্থানের বিষয়টি নিশ্চিত হয়ে দৈনিক ভিত্তিক খন্ডকালীন পরিচ্ছন্নতা কর্মী নিয়োজিত করতে হবে;

৪। খন্ডকালীন পরিচ্ছন্নতা কর্মীদের মজুরি সরকারি বিধি মোতাবেক অর্থাৎ অর্থ মন্ত্রণালয়ের অনুমোদিত হারে দৈনিক হাজিরা অনুযায়ী পরিশোধ করতে হবে;

৫। খন্ডকালীন পরিচ্ছন্নতা কর্মী যে দিন কাজ করবেন কেবল সে দিনের মজুরী প্রাপ্য হবেন। সংশ্লিষ্ট কর্তৃপক্ষ আর্থিক বিধি বজায় রাখার বিষয়টি নিশ্চিত করবেন;

৬। খন্ডকালীন পরিচ্ছন্নতা কর্মীগণ কোনক্রমেই নিয়মিত কর্মচারী হিসাবে গণ্য হবে না বা তাদের কোন প্রকার নিয়োগ আদেশ দেয়া যাবে না বা কোন স্থাপনায় কাজ করলে পরবর্তীতে নিয়োজিত করার ক্ষেত্রে তা বাড়তি যোগ্যতা হিসেবে গণ্য হবে না;

৭। খন্ডকালীন পরিচ্ছন্নতা কর্মী নিয়োজিত করার সময় বয়স ও শারীরিক সক্ষমতা বিবেচনায় এনে নিয়োজিত করতে হবে। খন্ডকালীন পরিচ্ছন্নতা কর্মীকে অবশ্যই অক্ষর জ্ঞান সম্পন্ন হতে হবে;

৮। দৈনিক মজুরির হারে মাসিক ভিত্তিক বা কোন দীর্ঘ সময়ের জন্য খন্ডকালীন পরিচ্ছন্নতা কর্মী নিয়োজিত করা যাবে না;

৯। খন্ডকালীন পরিচ্ছন্নতা কর্মী নিয়োজিত করা এবং মজুরী পরিশোধের ক্ষেত্রে কোন অনিয়ম পরিলক্ষিত হলে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ দায়ী থাকবেন;

১০। এ বিষয়ে ইতিপূর্বে জারিকৃত আদেশসমূহ বাতিল বলে গণ্য হবে।

এতে মহাপরিচালকের অনুমোদন রয়েছে।

(এ. কে. এম ফজলুর রহমান)
পরিচালক (প্রশাসন)
ফোন-৯৫৮৬২১৩
e-mail: dadm@dgfood.gov.bd

প্রাপকঃ
১। প্রধান মিলার, সরকারি আধুনিক ময়দার মিল, পোস্তগোলা, ঢাকা।
২। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, ঢাকা/বরিশাল/রাজশাহী/চট্টগ্রাম/খুলনা/রংপুর/সিলেট।
৩। সাইলো অধীক্ষক (সকল) .................................................................।
৪। প্রধান নিয়ন্ত্রক, ঢাকা রেশনিং, ঢাকা।
৫। জেলা খাদ্য নিয়ন্ত্রক (সকল).............................................................।
৬। চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক, চট্টগ্রাম/খুলনা।
৭। উপজেলা খাদ্য নিয়ন্ত্রক (সকল) .......................................................।

পত্র নং-১৩.০১.০০০০.০৩২.৩২.৬২৮.১৪-১৩৫/৫৭০(৫৭৬)

তারিখঃ ১৮/০২/২০১৮খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণে জন্য অনুলিপি প্রেরণ করা হলঃ
১। সচিব, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। সদয় অবগতির জন্য।
২। পরিচালক, হিসাব ও অর্থ বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা। তাঁকে বাজেট সংস্থানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হল।
৩। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, খাদ্য মন্ত্রণালয়, ঢাকা।
৪। জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, ..........................................................।
৫। ব্যবস্থাপক (সকল) ...........................................................................।
৬। উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, ......................................................।
৭। অফিস কপি।

(এ. কে. এম ফজলুর রহমান)
পরিচালক (প্রশাসন)
ফোন-৯৫৮৬২১৩
e-mail: dadm@dgfood.gov.bd